# Representation of the People Order, 1972-এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত খসড়া অধ্যাদেশ-২০২৫

## টিআইবি'র পর্যালোচনা ও সুপারিশ

| ক্রম | নির্বাচন কমিশন প্রস্তাবিত সংশোধনী | টিআইবি'র পর্যালোচনা ও সুপারিশ |
|---|---|---|
| (৪) | **P.O No. 155 of 1972 এর Article 8 এর সংশোধন।–** উক্ত আদেশ এর Article 8 এর বিদ্যমান Clause (1) নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে, যথা:-<br>8. (1) The Commission shall maintain a list of polling stations **prepared by the District Election Officer and approved by the Commission** for the purpose of election of a member for every constituency. | **সুপারিশ:** তালিকা সংরক্ষণের পাশাপাশি ওয়েবসাইটের মাধ্যমে প্রকাশ করতে হবে। |
| (৫) | **P.O No. 155 of 1972 এর Article 9 এর সংশোধন ।–** উক্ত আদেশ এর Article 9 এর Clause (4) এ উল্লিখিত "suspended" শব্দটির পর "**, [কমা] and shall inform the Commission of such suspension**" শব্দগুলি সন্নিবেশিত হইবে, যথা:-<br>9. (4) The Returning Officer may, at any time during the poll for reasons to be recorded in writing, suspend any Presiding Officer, Assistant Presiding Officer, Polling Officer and make such arrangements as he may consider necessary for the performance of the functions of the officer so suspended**, and shall inform the Commission of such suspension.** | **পর্যালোচনা:** সাসপেন্ড/স্থগিতের ব্যাপারে কমিশনকে কখন জানাবে এটি স্পষ্ট নয়।<br>**সুপারিশ:** সাসপেন্ড/স্থগিতের ব্যাপারে কমিশনকে পোলিং চলাকালীন সময়ের মধ্যে/তাৎক্ষণিক কমিশনকে জানানোর বিষয়টি এখানে সুনির্দিষ্ট করতে হবে। |
| (১০) | **P.O No. 155 of 1972 এর Article 12 এর সংশোধন।–** উক্ত আদেশ এর Article 12 এর Sub Clause (3) নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে, যথা-<br>12. (3) Every nomination paper shall be delivered by the candidate, or his proposer or seconder, to the Returning Officer or the Assistant Returning Officer who shall acknowledge the receipt of the nomination paper specifying the date and time of receipt; | **পর্যালোচনা:** ধারা ১২ এর উপধারা ৩ (a) এবং (b) অংশ একত্রে একটি আর্টিকেলে প্রতিস্থাপিত হয়েছে। কিন্তু সাবক্লস (b) submitted through online by the candidate and receipt of such submission shall be acknowledged in such a manner as may be prescribed."] বিষয়ে কিছু বলা হয়নি।<br>**সুপারিশ:** উপধারা (b) বিলোপ হবে। |

| ক্রম | নির্বাচন কমিশন প্রস্তাবিত সংশোধনী | টিআইবি'র পর্যালোচনা ও সুপারিশ |
|---|---|---|
| (১১) | **P.O No. 155 of 1972 এর Article 12 এর সংশোধন ।** উক্ত আদেশ এর Article 12 এর Clause (3b) এ উল্লিখিত "along with" **শব্দাবলীর পর** "and a copy of the income tax return of the latest tax year, and" এবং Clause (3b) এর Sub Clause-(e) এ উল্লিখিত "income" **শব্দের পর** "both at home and abroad" এবং Clause (3b) এর Sub Clause-(f) এ উল্লিখিত "or his dependents" **শব্দগুলির পর** "both at home and abroad" **শব্দগুলি সন্নিবেশিত হইবে**, যথা:-<br>**12.**(3b**)** Every nomination paper under sub-clause (2) shall be delivered along with **a copy of the income tax return of the latest tax-year** and an affidavit signed by the candidate which shall include the following information and particulars, namely-<br>**(e)** probable sources of his income **both at home and abroad;**<br>**(f)** a statement of property or debt of his own or his dependents **both at home and abroad;** | **পর্যালোচনা:** সাবক্লস (f)-এ তাহার নিজের বা তাহার উপর নির্ভরশীলদের পরিসম্পদ ও দায়ের বিবরণী প্রদানের জন্য বলা হয়েছে। এখানে বা দিয়ে নির্ভরশীলকে পৃথক করা হয়েছে। কিন্তু, প্রার্থীর নিজের এবং তার উপর নির্ভরশীলগনের পরিসম্পদ এবং দায় থাকতে পারে। এক্ষেত্রে, প্রার্থী এবং তার উপর নির্ভরশীল উভয়ের বিবরণীই প্রদান করতে হবে কি না তা স্পষ্ট নয়।<br>টিআইবি'র গবেষণায় দেখা গেছে, নির্বাচনে অংশগ্রহণকারী প্রার্থী এবং পরবর্তীতে এমপি হওয়ার পর তাদের সম্পদ ব্যাপকহারে বৃদ্ধি পায় যা তাদের দুর্নীতির মাত্রা প্রকাশ করে। কিন্তু এই দুর্নীতি প্রতিরোধে পদক্ষেপ গ্রহণের প্রাথমিক কার্যক্রম নির্বাচন কমিশন থেকেই শুরুর সুযোগ রয়েছে। বিশেষকরে, তাদের প্রতিবছর আয় ও সম্পদের হিসাব নির্বাচন কমিশনে বাধ্যতামূলক জমা প্রদানের বিধান করা এবং তা কার্যকর করার মাধ্যমে।<br>অন্যদিকে, প্রার্থীর নিকট আত্মীয়দের ব্যবসায়ীক এবং অর্থনৈতিক কার্যক্রম এবং তাদের মাধ্যমে প্রার্থীর নির্বাচনী ব্যয় নির্বাহ সংক্রান্ত তথ্য নির্বাচনী প্রক্রিয়ায় শুদ্ধাচার নিশ্চিতে গুরুত্বপূর্ণ।<br>**সুপারিশ:**<br>- নির্বাচিত জনপ্রতিনিধিদের প্রতিবছর আয় ও সম্পদের হিসাব নির্বাচন কমিশনে বাধ্যতামূলক জমা প্রদানের বিধান যুক্ত করতে হবে।<br>- নির্বাচন কমিশন কর্তৃক বিধানটি কার্যকর করতে হবে এবং আয় ও সম্পদের হিসাব নির্বাচন কমিশন কর্তৃক বাধ্যতামূলকভাবে প্রকাশ করার বিধান যুক্ত করতে হবে।<br>- প্রার্থীর নিজের এবং তার উপর নির্ভরশীল উভয়েরই পরিসম্পদ এবং দায় যদি থাকে এক্ষেত্রে উভয়ের বিবরণীই প্রদান করতে হবে কি না তা স্পষ্ট করতে হবে।<br>- নির্বাচনী হলফনামায় প্রার্থীর নিজের ও পরিবারের নিকট আত্মীয়দের (স্বামী, স্ত্রী, ছেলে, মেয়ে, বাবা, মা, ভাই, বোন, শশুর, শাশুড়ি ইত্যাদি) দেশে ও বিদেশে সম্পদ ও ব্যবসায়িক কার্যক্রম থাকলে তার ঘোষণা প্রদানের বিধান যুক্ত করতে হবে।<br>- প্রার্থীর স্বার্থ-সংশ্লিষ্ট ব্যবসা ও বিনিয়োগ সম্পর্কে তথ্য প্রদান এবং তা জনসাধারণের জন্য উন্মুক্ত করার বিধান যুক্ত করতে হবে।<br>- নির্বাচন কমিশন কর্তৃক সংশ্লিষ্ট অংশীজনের সমন্বয়ে একটি 'হলফনামা তথ্য যাচাই-বাছাই কমিটি' গঠন |

| ক্রম | নির্বাচন কমিশন প্রস্তাবিত সংশোধনী | টিআইবি'র পর্যালোচনা ও সুপারিশ |
|---|---|---|
| | | এবং সেই তথ্য দ্রুততার সাথে যাচাই-বাছাই করে প্রার্থীর বৈধতা প্রদানের ঘোষণার প্রক্রিয়া এই ধারায় অন্তর্ভুক্ত করতে হবে। কোনরূপ মিথ্যা ঘোষনার ক্ষেত্রে মনোনয়নপত্র বাতিলের বিধান থাকতে হবে।<br>- মনোনয়নপত্র বাতিলের কারণসহ বাতিলকৃত প্রার্থীতার তালিকা প্রকাশ করার বিধান এই ধারায় যুক্ত করতে হবে। |
| (১২) | **P.O No. 155 of 1972 এর Article 12 এর Clause (7) এর সংশোধন ।** উক্ত আদেশ এর Article 12 এর Clause (7) এর **শেষাংশে** উল্লিখিত "nomination paper" **শব্দগুলির পর "**, [কমা] **and the affidavit submitted by the candidate or candidates along with the nomination paper will be published on the website Of the Election Commission." শব্দগুলি সন্নিবেশিত হইবে**, যথা:-<br><br>**(7)** The Returning Officer shall cause to be affixed at some conspicuous place in his office a notice of every nomination paper received by him or received by the Assistant Returning Officer and forwarded to him under clause (6a) containing particulars of the candidate and the names of the proposer and seconder as shown in the nomination paper**, and the affidavit submitted by the candidate or candidates along with the nomination paper will be published on the website of the Election Commission.**" | **পর্যালোচনা:** প্রার্থীদের হলফনামা নির্বাচন কমিশনে জমা প্রদানের সময়সীমা শেষ হওয়ার কত দিনের মধ্যে তা কমিশনের ওয়েব সাইটে প্রকাশ করা হবে তা নির্দিষ্ট করা হয়নি।<br><br>**সুপারিশ:** প্রার্থীদের হলফনামা নির্বাচন কমিশনে জমা প্রদানের সময়সীমা শেষ হওয়ার সাত দিনের মধ্যে তা কমিশনের ওয়েব সাইটে প্রকাশ করতে হবে। |
| (১৩) | **P.O No 155 of 1972 এ নূতন Article 12(8) এর সন্নিবেশন।-** উক্ত আদেশ এর বিদ্যমান **Article 12 এর Clause (7) এর পর** নিম্নরূপ **নূতন** Clause (8) সন্নিবেশিত হইবে, যথা:-<br><br>12. (8) Notwithstanding anything contained anywhere in this Order or in any other law for the time being in force, if any dispute arises as to whether any Member of Parliament has, after his election become subject to any of the disqualifications mentioned herein above, the Election Commission, either suo-moto or being informed otherwise may hear and dispose of the said dispute in such manner as the Commission | **পর্যালোচনা:** সংসদ সদস্য নির্বাচনের পর উপরে উল্লিখিত কোন অযোগ্যতার সম্মুখিন হয়েছে কি না সে সম্পর্কে কোন বিরোধ দেখা দিলে নির্বাচন কমিশন স্বতঃপ্রণোদিতভাবে বা অন্যথায় অবহিত হয়ে উক্ত বিরোধের শুনানি ও নিষ্পত্তি করতে পারবে উল্লেখ করা হয়েছে। তবে নির্বাচন কমিশন অন্যথায় অবহিত হওয়ার উপায় (যেমন প্রার্থী বা ভোটার কর্তৃক নির্বাচনী আনিয়ম সম্পর্কে লিখিত বা মৌখিক অভিযোগ) স্পষ্ট নয়।<br><br>**সুপারিশ:**<br>- নির্বাচন কমিশনের অন্যথায় অবহিত হওয়ার উপায় সম্পর্কে (যেমন প্রার্থী বা ভোটার কর্তৃক নির্বাচনী অনিয়ম সম্পর্কে লিখিত বা মৌখিক অভিযোগ) স্পষ্ট করতে হবে। |

| ক্রম | নির্বাচন কমিশন প্রস্তাবিত সংশোধনী | টিআইবি'র পর্যালোচনা ও সুপারিশ |
|---|---|---|
| | may deem fit and the decision taken on such case by the Commission shall be final. | - নির্বাচন-পরবর্তী সংঘাত এবং সহিংসতাসহ প্রার্থী এবং দলের নির্বাচনী আচরণ বিধি ভঙ্গের অভিযোগ প্রমাণিত হলে কমিশন কর্তৃক ব্যবস্থা গ্রহণের এখতিয়ার প্রদান করতে হবে। |
| (১৪) | **P.O No. 155 of 1972 এর Article 13 এর সংশোধন ।** উক্ত আদেশ এর Article 13 এর Clause (1) এর Sub Clause (a) তে উল্লিখিত "twenty" শব্দটির স্থলে "fifty" শব্দটি প্রতিস্থাপিত হইবে, যথা:-<br><br>13. (1) Subject to the provisions of clause (2), no nomination paper delivered under Article 12 shall be accepted unless-<br><br>(a) a sum of Taka **fifty** thousand is deposited in cash or by bank draft or pay order or treasury challan in favor of the Election Commission by the candidate or by any person on his behalf at the time of its delivery; or | **পর্যালোচনা:** ৫০ হাজার টাকা দরিদ্র/আর্থিকভাবে অসচ্ছল ব্যক্তিদের প্রার্থী হওয়ার ক্ষেত্রে প্রতিবন্ধকতা তৈরি করতে পারে।<br><br>**সুপারিশ:** সকল শ্রেণী-পেশার জনগণের নির্বাচনে প্রার্থী হওয়ার সুযোগ উন্মুক্ত রাখার জন্য অর্থের পরিমাণ পূর্বে নির্ধারিত ২০ হাজার টাকা রাখতে হবে। |
| (১৬) | **P.O No. 155 of 1972 এর Article 19 এর সংশোধন ।** উক্ত আদেশ এর Article 19 এর Clause (1) নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে, যথা-<br><br>"19. **(1)(a)** Where, after scrutiny under Article 14, only one person remains validly nominated for election as a member from a constituency, or where, after withdrawal under Article 16, only one candidate remains, in such case**, the election shall be held between the sole candidate and the 'No Vote' option. If the number of Votes received by the contesting candidate exceeds the number of 'No Vote', the Returning Officer shall, by public notice, declare such candidate to be elected to the seat. If the number of 'No Votes' exceeds the number of votes received by the contesting candidate, a fresh election shall be held in that constituency by announcing a fresh schedule.**<br><br>**(b) If in an election held under sub-clause (a) of clause (1), the "No Vote" is higher, and if in the subsequent election also only one person remains validly nominated or, as the case may** | **পর্যালোচনা:** 'না ভোটের' বিধান সকল আসনের ক্ষেত্রেই প্রযোজ্য হওয়া বাঞ্ছনীয়। প্রথম দফায় না ভোট বেশি হওয়ার মাধ্যেমে একমাত্র প্রার্থীর বিরুদ্ধে গণ-অনাস্থা প্রকাশ পেলেও একই প্রার্থীর দ্বিতীয় দফা নির্বাচনে অংশগ্রহণের সুযোগ থেকেই যাচ্ছে।<br><br>এছাড়া, নির্বাচিত সংসদ সদস্যসহ জনপ্রতিনিধিদের বিরুদ্ধে প্রযোজ্য ক্ষেত্রে গণ-অনাস্থা প্রকাশ এবং পুনরায় নির্বাচনের (রিকল ইলেকশন) সুযোগ এই ধারায় রাখা হয়নি।<br><br>**সুপারিশ:**<br>- সকল সংসদীয় আসনের নির্বাচনী ব্যালট পেপারে 'না ভোটের' বিধান যুক্ত করতে হবে।<br>- প্রথম দফায় না ভোট বেশি হওয়ার মাধ্যেমে একমাত্র প্রার্থীর বিরুদ্ধে গণ-অনাস্থা প্রকাশ পেলেও একই প্রার্থীর দ্বিতীয় দফা নির্বাচনে অংশগ্রহণের সুযোগ বাতিল করতে হবে।<br>- নির্বাচিত সংসদ সদস্যসহ জনপ্রতিনিধিদের বিরুদ্ধে প্রযোজ্য ক্ষেত্রে গণ-অনাস্থা প্রকাশের মাধ্যমে অপসারণ এবং উক্ত সংসদীয় আসনে/স্থানীয় সরকার এলাকায় পুনরায় নির্বাচনের (রিকল ইলেকশন) বিধান যুক্ত করতে হবে। |

| ক্রম | নির্বাচন কমিশন প্রস্তাবিত সংশোধনী | টিআইবি'র পর্যালোচনা ও সুপারিশ |
|---|---|---|
| | **be, as the only candidate, the Returning Officer shall, by public notice, declare such candidate to be elected to the seat."**<br>Provided that if after scrutiny any candidate indicates that he intends to make an appeal under clause (5) of Article 14 against the rejection of his nomination paper, no person shall be declared elected uncontested until the period prescribed for filling such appeal has expired and no such appeal has been filed or, where an appeal is filed, until the disposal of such appeal. | |
| (১৭) | **P.O No. 155 of 1972 এর Article 20 এর সংশোধন ।** উক্ত আদেশ এর Article 20 এর Clause (1) এ উল্লিখিত "more" **শব্দের স্থলে** "one or more" **শব্দগুলি প্রতিস্থাপিত হইবে এবং** Sub Clause (a) এর Provided that অংশে উল্লিখিত "Article 11," **শব্দসমূহের পর** "may in case of a combination of two or more registered political parties who have agreed to set up joint candidates for election, allot the symbol reserved for the political party to which the candidate belongs;" **শব্দগুলি সন্নিবেশিত হইবে**, যথা:-<br><br>20. (1) If there are one or more than one contesting candidates in respect of any constituency, the Returning Officer shall-<br><br>[(a) allocate, in the case of a contesting candidate set up by a registered political party, the symbol reserved for that party by the Commission under this Order or the rules.<br>Provided that the Commission, on an application made to it in this behalf within three days after the publication of the notification under clause (1) of Article 11, **may in case of a combination of two or more registered political parties who have agreed to set up joint candidates for election, allot the symbol reserved for the political party to which the candidate belongs;** | **পর্যালোচনা:** অন্য দলের প্রতীক নিয়ে নির্বাচন করার সুযোগকে বড় রাজনৈতিক দলগুলো রাজনৈতিক উদ্দেশ্য ব্যবহার করে। বিশেষকরে, তাদের প্রতীক ব্যবহারের সুযোগ প্রদান করে ছোট রাজনৈতিক দলগুলোকে তাদের রাজনৈতিক উদ্দেশ্যে ব্যবহার করতে পারে। ফলে ছোট রাজনৈতিক দলগুলোর বিকাশ বাধাগ্রস্ত হয়। রাজনীতিতে দ্বিদলীয় মেরুকরণের সুযোগ তৈরি হয়। কোনো কোনো ক্ষেত্রে নাম সর্বস্ব দলের অজনপ্রিয় নেতা নির্বাচিত হওয়ার সুযোগ তৈরি হয়। একটি দলের সমর্থক বা ভোটারকে অন্য দলের প্রার্থীকে বাধ্য হয়ে ভোট দিতে হয়।<br><br>**সুপারিশ:** অন্য দলের প্রতীক নিয়ে নির্বাচন করার বিধান বাতিল করতে হবে। |

| ক্রম | নির্বাচন কমিশন প্রস্তাবিত সংশোধনী | টিআইবি'র পর্যালোচনা ও সুপারিশ |
|---|---|---|
| (১৯) | **P.O No 155 of 1972 এর Article 25 এর সংশোধন**।- উক্ত আদেশ এর বিদ্যমান Article 25 নিম্নরূপ শব্দগুলো দ্বারা প্রতিস্থাপিত হইবে, যথা:-<br>25.(1) The Presiding Officer of a polling station shall stop the poll and inform the Returning Officer that he has done so, if-<br>(a) the poll at the polling station is, at any time, so interrupted or obstructed for reason beyond the control of the Presiding Officer that it cannot be resumed during the polling hours fixed under Article 24: or<br>(b) any ballot box used at the polling station is unlawfully taken out of the custody of the Presiding Officer, or is accidentally or intentionally destroyed or lost, or is damaged or tampered with to such an extent that the result of the poll at the polling station cannot be ascertained<br>(2) Where a poll has been stopped under clause (1), the Returning Officer shall immediately report the circumstances to the Commission and the Commission shall direct a fresh poll at that polling station, unless it is satisfied that the result of the election has been determined by the polling station, taken with the results of the polling at other polling stations in the same constituency.<br>(3) Where the Commission orders a fresh poll under clause (2), the Returning Officer shall, with the approval of the Commission<br>(a) appoint a day for a fresh poll and fix the place at which and the hours during which such fresh poll shall be taken; and<br>(b) give public notice of the day so appointed and the place and hours so fixed.<br>(4) At a fresh poll taken under clause (3) at a polling station, all electors entitled to vote threat shall be allowed to vote and no vote cast at the poll stopped under clause (1) shall be counted, and the provisions of this Order and the rules and orders made thereunder shall apply to such fresh poll. | **পর্যালোচনা:** আর্টিকেল ২৫ এর ৪ নং ক্লসে threat শব্দটি প্রাসঙ্গিক নয়।<br><br>**সুপারিশ:** threat শব্দটি বিলোপ করতে হবে। |

| ক্রম | নির্বাচন কমিশন প্রস্তাবিত সংশোধনী | টিআইবি'র পর্যালোচনা ও সুপারিশ |
|---|---|---|
| (২৫) | **P.O No. 155 of 1972 এর Article 27 এর সংশোধন।** উক্ত আদেশ এর Article 27 নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে, যথা:-<br>**27.** (1) The following person may cast their votes by postal ballot in such manner as may be prescribed through circular, namely: -<br>**(a) any person in the service of the Government, if stationed for discharging any public duty in an area other than the constituency or voter area in which he is registered to vote;**<br>**(b) a person detained in any prison or other lawful custody within Bangladesh;**<br>(c) a person appointed for the performance of any duty in connection with an election at a polling station other than the one at which he is entitled to cast his vote; and (d) a Bangladeshi voter living abroad.<br>**(2) An elector who, being entitled to do so, intends to cast his vote by postal ballot shall enroll through a digital platform and procedure prescribed by the Commission-**<br>**(a) in the case of, a person referred to either in sub clause (a) or (b) of clause (1), within fifteen days from the date of the publication of the notification under Article 11;**<br>**(b) in the case of, a person referred to in sub clause (c) of that clause soon after his appointment; and**<br>**(c) an elector referred to in sub-clause (d) of clause (1) within such time as may be prescribed by the Commission by issuing a circular under clause (13).**<br>**(3) Notwithstanding anything to the contrary contained in this Order the Commission shall upon the enrollment by an elector under clause (2) forthwith send by post to such elector a ballot paper containing the required number of electoral symbols allotted to registered political parties and reserved for independent candidates. The elector shall also receive an instruction and a prescribed** | **পর্যালোচনা:** অনেক বয়স্ক, শারিরকভাবে অসুস্থ ও শারীরিক প্রতিবন্ধকতাযুক্ত নাগরিক (বুদ্ধি প্রতিবন্ধী ব্যাতিত) ভোট প্রদানের অধিকার থেকে বঞ্চিত হন। তাদের ভোট প্রদানের বিষয়টিকে সহজ করার জন্য কোন ব্যবস্থা রাখা হয়নি।<br>**সুপারিশ:**<br>সকল সংসদীয় আসনে<br>- বয়স্ক, অসুস্থ ও শারীরিক প্রতিবন্ধকতাযুক্ত নাগরিকের জন্য পোস্টাল ভোটের ব্যবস্থা করতে হবে।<br>- দৃষ্টিপ্রতিবন্ধীদের জন্য ব্রেইল ব্যালটের ব্যবস্থা করতে হবে।<br>- ভোট কেন্দ্রে র‍্যাম্পের ব্যবস্থা থাকতে হবে। |

| ক্রম | নির্বাচন কমিশন প্রস্তাবিত সংশোধনী | টিআইবি'র পর্যালোচনা ও সুপারিশ |
|---|---|---|
| | **declaration along with the return envelope containing address of the concerned Returning Officer.**<br><br>**(4) Each elector will be given with a unique identifier, that will be used for personalization and to track the journey of postal ballot.**<br><br>**(5) Enrolment of an elector detained in any prison or in any lawful custody in Bangladesh shall be endorsed by the respective jail authority.**<br><br>**(6) The controlling authorities shall take necessary measures to facilitate and encourage the voters referred to in sub-clauses (a), (b), (c) and (d) of clause (1) to cast their votes through postal ballot with a view to exercising their citizen duties as provided in article 21 of the Constitution.**<br><br>**(7) Notwithstanding anything contained in Article 31, an elector referred to in clause (1), upon receipt of a postal ballot paper, shall record his vote in the prescribed manner contained in the instruction by placing a tick or cross mark against the symbol of the contesting candidate of his choice, enclose the completed ballot paper in the provided envelope, and post it to the concerned Returning Officer.**<br><br>**(8) The Commission shall forward a list of all electors to whom postal ballot papers have been issued to the concerned Returning Officers who shall ensure that the electors mentioned in the list sent by the commission are not able to vote in person at the respective polling station.**<br><br>**(9) The postal ballot paper issued under this article shall be deemed to be a valid ballot paper for the purposes of this Article and Article 37 of this Order.**<br><br>**(10) A postal ballot paper issued under this Article shall be excluded from the count by the Returning Officer if:** | |

| ক্রম | নির্বাচন কমিশন প্রস্তাবিত সংশোধনী | টিআইবি'র পর্যালোচনা ও সুপারিশ |
|---|---|---|
| | **i). a tick or cross mark is placed against more than one symbol; or**<br>**ii) a tick or cross mark is so placed that it cannot reasonably be ascertained for which candidate the vote has been cast; or**<br>**iii) the postal ballot is not received by the Returning Officer before the commencement of the consolidation of results under Article 37; or**<br>**iv) any change in the list of candidates of a particular constituency or constituencies is made by any court at the relevant time.**<br>**(11) Every postal ballot paper issued under this Article shall bear a unique identifier and the signature of an authorized official of the commission.**<br>**(12) Nothing in this Order shall prevent the Commission from issuing postal ballot papers prior to the publication of notification under Article 11.**<br>**(13) The commission, for carrying out the purposes of this Article issue such circular (s) as it may deem fit.** | |
| (২৯) | **P.O No. 155 of 1972 এর Article 37 এর সংশোধন ।** উক্ত আদেশ এর Article 37 এর Clause (2) নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে, যথা:-<br>37. (2) Before consolidating the results of the count, the Returning Officer**, if he thinks necessary, may** examine the ballot papers excluded from the count by the Presiding Officer and, if he finds that any such ballot paper should not have been so excluded, **may** count it as a ballot paper cast in favor of the contesting candidate for whom the vote has been cast thereby. | **পর্যালোচনা:** আর্টিকেল ২-এ নষ্ট ব্যালট পেপার কাকে বলে তার স্পষ্ট ব্যাখ্যা দেওয়া হয়নি। নষ্ট ব্যালট পেপার বা ব্যালট পেপার বাতিল হওয়ার বা গণনা থেকে বাদ দেওয়ার সুনির্দিষ্ট কারণগুলোর তালিকা প্রদান করা হয়নি।<br>**সুপারিশ:** নষ্ট ব্যালট পেপার বা ব্যালট পেপার বাতিল হওয়ার বা গণনা থেকে বাদ দেওয়ার সুনির্দিষ্ট কারণ গুলোর একটি তালিকা প্রদান করতে হবে। |
| (৩২) | **P.O No. 155 of 1972 এর Article 44B এর** Clause (2) **এর প্রতিস্থাপন।**– উক্ত আদেশ এর Article **44B এর** Clause (2) নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে, যথা:-<br>**44B** (2) No person other than the election agent of a contesting candidate shall incur any election expenses of such candidate: | **পর্যালোচনা:** ব্যয়সীমা লঙ্ঘন বা অন্য সংশ্লিষ্ট ব্যত্যয়ের ক্ষেত্রে জবাবদিহি নিশ্চিতের বিধান থাকা উচিত।<br>**সুপারিশ:**<br>- নির্বাচনে নির্ধারিত ব্যয়সীমা লঙ্ঘনকারী প্রার্থীদের বিরুদ্ধে নির্বাচন কমিশন কর্তৃক কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে। |

| ক্রম | নির্বাচন কমিশন প্রস্তাবিত সংশোধনী | টিআইবি'র পর্যালোচনা ও সুপারিশ |
|---|---|---|
| | Provided that-<br>2* * *<br>(ii) any person may, if so authorised by the election agent in writing specifying a maximum amount, to the extent of such amount, make payment for stationery, postage, telegram and other petty expenses.<br>3[4[(3) The election expenses of a contesting candidate, including the expenditure incurred for him by the political party which has nominated him as its candidate, **shall not exceed such amount as may be calculated on the basis of taka Ten per voter or total taka twenty five lacs whichever is higher**: | - ব্যয়ের নির্ধারিত সীমা লঙ্ঘনের জন্য রাজনৈতিক দলকেও জবাবদিহির আওতায় আনতে হবে।<br>- নারী প্রার্থীদের নির্বাচনে অংশগ্রহণ উৎসাহিত করা এবং তাদের জন্য সমান প্রতিযোগিতার ক্ষেত্র নিশ্চিতে রাষ্ট্রীয় তহবিল গঠন করতে হবে।<br>- প্রয়োজন ও চাহিদার যথার্থতা যাচাই সাপেক্ষে রাষ্ট্রীয় তহবিল থেকে নারী প্রার্থীদের নির্ধারিত নির্বাচনী ব্যয়সীমার সমপরিমাণ অর্থ অনুদান হিসেবে প্রদান করতে হবে।<br>- এই তহবিল ব্যবহারে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতকল্পে নির্বাচন সম্পন্ন হওয়ার এক মাসের মধ্যে প্রার্থী কর্তৃক বরাদ্দ প্রাপ্ত অর্থের নিরীক্ষিত হিসাব নির্বাচন কমিশনে জমা দিতে হবে। কোন প্রকার ব্যত্যয় প্রমাণিত হলে জবাবদিহি নিশ্চিত করতে হবে। |
| (৩৩) | **P.O No. 155 of 1972 এর Article 44B** এর Clause (3A) **এর সংশোধন।**– উক্ত আদেশ এর Article 44B এর Clause (3A) এর Sub Clause (a), Sub Clause (aa) এবং Sub Clause (l) **নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে** এবং Sub Clause (e) এবং (k) **বিলুপ্ত হইবে**, যথা:-<br>44B (3A) “(a) printing of a poster; or”<br><br>44B (3A) “(aa) printing of any banner, leaflet or handbill with more than one color, or of a size bigger than the size prescribed or specified by the Commission; or<br><br>44B (3A) “(e)”: “omitted”<br>44B (3A) “(k)”: “omitted”<br>44B (3A) (l): “display of a symbol or portrait of a candidate exceeding the size prescribed or specified by the Commission; or” | **পর্যালোচনা:** বিগত নির্বাচনগুলোতে এই আইনের কার্যকর প্রয়োগ নিশ্চিত করা হয়নি। প্রার্থী, তাদের কর্মী, সমর্থক এবং দল কর্তৃক এই আইনগুলো লঙ্ঘন করতে দেখা যায়। উল্লেখ্য, দ্বাদশ জাতীয় নির্বাচনে তফসিল ঘোষণার আগে থেকে নির্বাচন পর্যন্ত সময় বিবেচনায় অধিকাংশ প্রার্থীরা কোনো না কোন আচরণবিধি লঙ্ঘন করেছেন। যেমন, ৬৬ শতাংশ প্রার্থী আচরণবিধি ভেঙ্গে প্রচারণাকালে দেয়াল, খুঁটি, যানবাহন ইত্যাদিতে পোস্টার লাগিয়েছেন; ৬০ শতাংশ প্রার্থী আচরণবিধি ভেঙ্গে জনসভা বা শোভাযাত্রা করেছেন; পাঁচ জনের বেশি সমর্থক নিয়ে মনোনয়নপত্র জমা দিয়েছেন; মুদ্রণকারী প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও<br>তারিখবিহীন পোস্টার করেছেন ইত্যাদি।<br><br>এক্ষেত্রে, রাজনৈতিক দল এবং প্রার্থীর আচরণ বিধিমালা ২০২৫ (খসড়া)-এর ২৫ ধারায় নির্বাচনী বিধান লঙ্ঘনের জন্য ছয় মাসের কারাদন্ড অথবা অনধিক এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা অর্থ দন্ড বা উভয় দন্ডের বিধান রাখা হয়েছে তার প্রয়োগ যেমন সীমিত ছিল একই সাথে কারাদন্ড বা আর্থিক দন্ড কার্যকর নয় বলে প্রতীয়মান।<br><br>অন্যদিকে 44B ভুক্ত লঙ্ঘনের বিষয়সমূহ গণপ্রতিনিধিত্ব আদেশের অধ্যায় ৬: অপরাধ, দন্ড ও বিচারের আওতায় শাস্তিযোগ্য করা হয়েছে। কিন্তু কখন কোনটি প্রযোজ্য হবে তা সুস্পষ্টভাবে নির্ধারণ করা হয়নি।<br><br>অন্যদিকে, রাজনৈতিক দল এবং প্রার্থীর আচরণ বিধিমালা ২০২৫ খসড়ায় এসমস্ত আইন লঙ্ঘনের জন্য ছয় মাস কারাদন্ডের কথা উল্লেখ করা হয়েছে কিন্তু গণপ্রতিনিধিত্ব আদেশের অধ্যায় ৬: অপরাধ, দন্ড ও বিচারের আওতায় |

| ক্রম | নির্বাচন কমিশন প্রস্তাবিত সংশোধনী | টিআইবি'র পর্যালোচনা ও সুপারিশ |
|---|---|---|
| | | অনৈতিক কার্যক্রমের সাথে জড়িত ব্যক্তিকে অর্থ দন্ড, কমপক্ষে দুই বছর এবং সর্বোচ্চ ৭ বছর জেলের কথা বলা হয়েছে।<br><br>**সুপারিশ:**<br>- কারাদন্ড বা অর্থ দন্ডের পাশাপশি এমন বিধান লঙ্ঘনের ক্ষেত্রে রাজনৈতিক দল এবং প্রার্থীর আচরণ বিধিমালা ২০২৫ (খসড়া)-এর ২৬ ধারা (কমিশন কর্তৃক প্রার্থীতা বাতিল) প্রয়োগের বিধান যুক্ত করতে হবে এবং এই বিধানের প্রয়োগ নিশ্চিত করতে হবে।<br>- রাজনৈতিক দল এবং প্রার্থীর আচরণ বিধিমালা ২০২৫ এবং গণপ্রতিনিধিত্ব আদেশের অধ্যায় ৬: অপরাধ, দন্ড ও বিচারের আওতায় সাজাগুলোর মধ্যে অসাঞ্জস্যতা দূর করতে হবে। কখন কোন প্রেক্ষাপটে কার জন্য কোন সাজা প্রযোজ্য হবে তা সুস্পষ্ট করতে হবে। |
| (৩৪) | **P.O No 155 of 1972 এর Article 44CC এর সংশোধন ।-** উক্ত আদেশ এর বিদ্যমান Article 44CC এর Clause (1) এর শেষে উল্লিখিত "the mode of receipt" **শব্দগুলির পর** "These details of the list of amounts received as donations must be transparently published on the political party's official website" **শব্দগুলি সন্নিবেশিত হইবে, যথা:-**<br><br>44CC. (1) Every political party setting up any candidate for election shall maintain proper account of all its income and expenditure for the period from the date of publication of notification under clause (1) of Article 11 till the completion of elections in all the constituencies in which it has set up candidates and such account shall show clearly the amount received by it as donation above [taka five thousand] from any candidate or any person seeking nomination or from any other person or source giving their names and addresses and the amount received from each of them and the mode of receipt. **These details of the list of amounts received as donations must be transparently published on the political party's official website.** | **পর্যালোচনা:**<br>- **details of the list of amounts (**source giving their names and addresses and the amount received from each of them and the mode of receipt**)** স্পষ্ট করা হলেও প্রদত্ত তথ্যগুলো যাচাই-এর কার্যকর উপায় নিশ্চিত করা প্রয়োজন।<br>- অনুদান/অর্থ প্রদানকারী ব্যক্তির অর্থ প্রদানে স্বার্থের দ্বন্দ্ব সংক্রান্ত বিষয়টি বিবেচনায় নেওয়া হয়নি।<br>- এছাড়া, স্বতন্ত্র প্রার্থীর আয়-ব্যয়ের হিসাব কিভাবে নিশ্চিত করা হবে তার কোন নির্দেশনা নেই।<br><br>**সুপারিশ:**<br>- আয়-ব্যয়ের বিবরণী জমা প্রদানের জন্য সংশ্লিষ্ট আর্থিক খাত বিশেষজ্ঞদের পরামর্শ সাপেক্ষে একটি নির্দিষ্ট ফর্মেট নির্বাচন কমিশন কর্তৃক প্রস্তুত করে তার বিপরীতে প্রার্থী ও রাজনৈতিক দলকে আয়-ব্যয়সংক্রান্ত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদান বাধ্যতামূলক করতে হবে।<br>- প্রদত্ত তথ্যের মধ্যে অনুদান/অর্থ প্রদানকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের মোবাইল নম্বর এবং প্রার্থীর সাথে অর্থ প্রদানকারী ব্যক্তির সম্পর্ক এবং স্বার্থের দ্বন্দ্ব সম্পর্কিত তথ্য প্রদানের বিধান সংযুক্ত করতে হবে।<br>- প্রদত্ত তথ্য নির্বাচন কমিশন কর্তৃক যাচাইযোগ্য হিসেবে গণ্য হবে বলে আইনে উল্লেখ করতে হবে। কোন প্রকার মিথ্যা তথ্য প্রদান নির্বাচন কমিশন কর্তৃক শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য (অধ্যায় ৬: অপরাধ, দন্ড ও বিচার পদ্ধতি) করার বিধান যুক্ত করতে হবে।<br>- রাজনৈতিক দলগুলো কর্তৃক প্রতিটি আসন/প্রার্থীভিত্তিক বিস্তারিত আয়-ব্যয়ের হিসাব প্রকাশ করতে হবে। |

| ক্রম | নির্বাচন কমিশন প্রস্তাবিত সংশোধনী | টিআইবি'র পর্যালোচনা ও সুপারিশ |
|---|---|---|
| | | বর্তমানে নির্বাচন কমিশনের ওয়েবসাইটে রাজনৈতিক দলের মোট নির্বাচনী আয়-ব্যয়ের হিসাব প্রকাশ করা হয়। শুধুমাত্র দল থেকে যতটুকু খরচ করা তার হিসাব দেখানো হয়। প্রার্থীর মোট নির্বচনী আয়-ব্যয় দেখানো হয় না। রাজনৈতিক দলের পাশাপাশি সকল প্রার্থীর নির্বাচনী আয়-ব্যয়ের তথ্য শুধু রাজনৈতিক দলের ওয়েব সাইটে নয়, নির্বাচন কমিশনের ডাটাবেজে থাকতে হবে এবং তা সকলের জন্য উন্মুক্ত করতে হবে।<br>- এছাড়া, রাজনৈতিক দল বা প্রার্থী সঠিক ব্যয় বিবরণী প্রকাশ করেছে কিনা সে বিষয়ে প্রতিদ্বন্দ্বি প্রার্থী বা উক্ত এলাকার ভোটারদের আপত্তি বা অভিযোগ আমলে নেওয়ার সুযোগ বিধানে সংযুক্ত করতে হবে।<br>- আয়-ব্যয়ের তথ্য সকল দলের ওয়েবসাইটেও প্রকাশ করা বাধ্যতামূলক করতে হবে। |
| (৩৫) | **P.O No 155 of 1972 এর Article 44E এর সংশোধন ।**- উক্ত আদেশ এর বিদ্যমান Article 44E এর Clause (1) এর Sub Clause (aa) এর পর নূতন Sub Clause (aa1) নিম্নরূপে সন্নিবেশিত হইবে, এবং একই Article এর বিদ্যমান Clause (2) এ উল্লিখিত "as soon as possible" শব্দগুলির স্থলে "forthwith" শব্দটি নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে, যথা:<br><br>**44E. (1)** During the period after the publication of a notification under Article 11 and the expiration of fifteen days after the declaration of the result of the election by the Returning Officer under Article 39, no-<br>(a) [***]<br>(aa) Divisional Commissioner;<br>**(aa1) Deputy Inspector General of Police;**<br><br>(2) When it appears necessary to transfer any employee of any department of the Government or of any other organization in the interest of fair election, the Commission may request the concerned authority in the matter in writing and such transfer shall have to be made effective **forthwith** on receipt of such request from the Commission. | **পর্যালোচনা: 44E. (2)-এর forthwith বা "অবিলম্বে"** বলতে কত সময়ের মধ্যে তা স্পষ্ট নয়।<br>এছাড়া, নির্বাচনকালী বদলি সংক্রান্ত কার্যক্রমে অনিয়মের অভিযোগ রয়েছে। বিশেষকরে, টাকার বিনিময়ে এবং তদবিরের মাধ্যমে ওসিদের নির্দিষ্ট থানায় বদলি, পছন্দমতো জায়গায় বদলির জন্য তদবির, এসব কাজে রাজনৈতিক প্রভাব ব্যবহার করা হয়েছে।<br><br>অন্যদিকে, বিগত জাতীয় নির্বাচনগুলোতে নির্বাচনের একমাস আগে নির্বাচন পরিচালনায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের বদলির বিষয়টি তাদের সংশ্লিষ্ট বিভাগ বা মন্ত্রণালয়ে জানানো এবং সেই মোতাবেক পরিকল্পনায় ঘাটতি ছিলো। বদলিকৃত কর্মকর্তা কর্তৃক নতুন স্থানে দায়িত্ব বুঝে নেওয়া, ঝুঁকিপূর্ণ এবং গুরুত্বপূর্ণ ভোটকেন্দ্র চিহ্নিত করা, স্থানীয়ভাবে পরিচিত হওয়া, তাদের কর্ম এলাকা এবং যোগাযোগ ব্যবস্থা সম্পর্কে প্রয়োজনীয় ধারণা তৈরিসহ নির্বাচন সুষ্ঠুভাবে পরিচালনায় বিবিধ চ্যালেঞ্জ থাকলেও বদলির সময় এই বিষয়গুলো বিবেচনা করা হয়নি।<br><br>**সুপারিশ:**<br>- এক্ষেত্রে কত সময়ের মধ্যে তা স্পষ্ট করতে হবে।<br>- বদলির ক্ষেত্রে নির্বাচনের কমপক্ষে একমাস আগে নির্বাচন পরিচালনায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের বদলির বিষয়টি তাদের সংশ্লিষ্ট বিভাগ ও মন্ত্রণালয়ে অবহিত করতে হবে এবং সেই মোতাবেক বদলির ব্যবস্থা করতে হবে। |

| ক্রম | নির্বাচন কমিশন প্রস্তাবিত সংশোধনী | টিআইবি'র পর্যালোচনা ও সুপারিশ |
|---|---|---|
| (৩৬) | **P.O No 155 of 1972 এ নূতন Article 73A এর সন্নিবেশন।**- উক্ত আদেশ এর বিদ্যমান Article 73 এর পর নূতন Article 73A নিম্নরূপে সন্নিবেশিত হইবে, যথা-<br>**73A. (1) Whoever, during the period from publication of notification under Article 11 to the date of publication of result of the election in the official gazette knowingly creates, publishes, shares, or promotes any false or misleading information, image, video, audio, or other content—whether created manually or generated by artificial intelligence (AI) tools—with intent to harm the reputation of any contesting candidate or to influence the election result or otherwise impair the electoral integrity and environment, or uses automated bots, fake accounts, or synthetic media to disseminate false information against opposition candidates, political parties or the Commission shall be guilty of corrupt practice under Article 73 and shall be punished thereunder.**<br><br>**(2) If the offence is committed by a person on behalf of a political party, candidate, campaign organization, or media agency, both the individual and the entity shall be held jointly liable.** | **পর্যালোচনা:** এই ধরণের কার্যক্রমের ক্ষেত্রে চার বা ততোধিক স্তরের ব্যক্তি বা প্রতিষ্ঠান জড়িত থাকতে পারে যেমন (১) সমর্থক, (২) কর্মী (৩) প্রার্থী নিজে বা তার হয়ে পরিচালিত কোন সামাজিক যোগাযোগ মাধ্যম বা এজেন্সি (৪) দল বা দলের প্রতিনিধিত্বকারী কোন সামাজিক মিডিয়া বা এজেন্সি ইত্যাদি।<br>এক্ষেত্রে কার ক্ষেত্রে কোন আইন প্রয়োগযোগ্য হবে (যেমন, গণপ্রতিনিধিত্ব আদেশের অধ্যায় ৬: অপরাধ, দন্ড ও বিচার; রাজনৈতিক দল এবং প্রার্থীর আচরণ বিধিমালা ২০২৫) তা এখানে নির্ধারণ ও সুনির্দিষ্ট করা হয় নি।<br><br>**সুপারিশ:**<br>- কার ক্ষেত্রে কোন আইন ও সাজা প্রযোজ্য বা প্রয়োগযোগ্য হবে (যেমন, গণপ্রতিনিধিত্ব আদেশের অধ্যায় ৬: অপরাধ, দন্ড ও বিচার; রাজনৈতিক দল এবং প্রার্থীর আচরণ বিধিমালা ২০২৫) তা নির্ধারণ ও সুনির্দিষ্ট করতে হবে।<br>- এমন অপরাধের ক্ষেত্রে প্রার্থীর সাথে সাথে রাজনৈতিক দলগুলোর বিরুদ্ধে আইনে উল্লেখিত শাস্তির কঠোর প্রয়োগ নিশ্চিত করতে হবে।<br>এআই ও সামাজিক যোগাযোগ মাধ্যমসহ সকল ডিজিটাল প্লাটফর্ম ব্যবহার সংক্রান্ত একটি পৃথক বিধান প্রণয়ন করতে হবে যার মধ্যে নিম্ন লিখিত বিষয় অন্তর্ভূক্ত থাকতে হবে। এছাড়া, এই বিধানের খসড়াটি সংশ্লিষ্ট খাত বিশেষজ্ঞদের সংশ্লিষ্ট করে চুড়ান্ত করতে হবে;<br>- যেসব প্রার্থী সামাজিক মাধ্যম ব্যবহার করে প্রচারণা করবেন তাদের জন্য দল মনোনিত প্রার্থী বা স্বতন্ত্র প্রার্থীকে মিডিয়া ফোকাল পারসন (আসন ও প্রার্থীর নাম সম্বলিত) নির্ধারন করতে হবে। তিনি সংশ্লিষ্ট প্রার্থীর সামাজিক মাধ্যমের (যেমন ফেসবুক, ইউটিউব, ইনিস্টাগ্রাম ইত্যাদি) সকল কার্যক্রম পরিচালনার দায়িত্বপ্রাপ্ত হবেন।<br>- প্রার্থীকে সামাজিক মাধ্যমে তার নির্বাচনি প্রচারণার মিডিয়া সেলের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির বিস্তারিত তথ্যসহ সংশ্লিষ্ট এ্যাকাউন্টসমূহের তথ্য (আইডিসহ) নির্বাচন কমিশনকে বাধ্যতামূলকভাবে প্রদান করতে হবে।<br>- সামাজিক মাধ্যমে প্রার্থীর নির্বাচনি প্রচারণার জন্য প্রস্তুতকৃত কনটেন্ট/আধেয়তে রাজনৈতিক দলের মিডিয়া সেলকে সনাক্তকারী লোগো/নাম যুক্ত করতে হবে। |

| ক্রম | নির্বাচন কমিশন প্রস্তাবিত সংশোধনী | টিআইবি'র পর্যালোচনা ও সুপারিশ |
|---|---|---|
| | | - নির্বাচনি প্রচারণায় ব্যবহারের জন্য কোন প্রকার বিজ্ঞাপন নির্মাণ এবং প্রচারে তৃতীয় পক্ষ কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে দায়িত্ব প্রদান করলে তার ঘোষণা এবং তৃতীয় পক্ষ ব্যক্তি বা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট তথ্য নির্বাচন কমিশনকে প্রদান করতে হবে।<br>- সামাজিক মাধ্যমে নির্বাচন সংক্রান্ত সকল কনটেন্ট শেয়ার ও প্রকাশ করার পূর্বে (ফ্যাক্ট-চেক) সত্যতা যাচাই করতে হবে।<br>- এআই বা কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করে দল বা প্রার্থীর পক্ষে কোন কনটেন্ট/আধেয় প্রচার করলে তার স্পষ্ট ঘোষণা সেই কনটেন্টে বাধ্যতামূলকভাবে প্রদান করতে হবে।<br>- রাজনৈতিক দল, প্রার্থীর বা প্রার্থী মনোনিত ব্যক্তি কর্তৃক ভোটারদের বিভ্রান্ত করার জন্য তৈরি করা ডিপফেক, মিথ্যা, পক্ষপাতমূলক, অপপ্রচারমূলক, কুৎসা ও মানাহানিকর কনটেন্ট (যেমন এডিটকৃত ভিডিও, অডিও, বানোয়াট খবর) নির্বাচনি প্রচারণার জন্য সামাজিক মাধ্যমসহ যে কোন মাধ্যমে ব্যবহার ও প্রচার নিষিদ্ধ হবে।<br>- ভুল বা মিথ্যা তথ্য ব্যবহার ও প্রচার তদন্তযোগ্য এবং সাজাযোগ্য নির্বাচনি অপরাধ হিসেবে গণ্য হইবে এবং তা প্রচারের দায় দল ও প্রার্থীকে গ্রহণ করতে হবে। |
| (৩৭) | **P.O No 155 of 1972 এর Article 74 এর সংশোধন।**- উক্ত আদেশ এর বিদ্যমান Article 74 এর Clause (2) এ উল্লিখিত "44AA" **শব্দটির পর ", [কমা] 44B" শব্দগুলি সন্নিবেশিত হইবে**, যথা-<br>74. A person is guilty of illegal practice punishable with rigorous imprisonment for a term which may extend to seven years and shall not be less than two years, and also with fine, if he-<br>(1) omitted.<br>(2) fails to comply with the provisions of Article 44AA**, 44B** or 44 | পর্যালোচনা: "44AA" এবং **44B**-এর কার্যক্রমের সাথে চার বা ততোধিক স্তরের ব্যক্তি বা প্রতিষ্ঠান জড়িত থাকতে পারে যেমন (১) সমর্থক, (২) কর্মী (৩) প্রার্থী/ প্রার্থী কর্তৃক পরিচালিত কোন সামাজিক যোগাযোগ মাধ্যম/এজেন্সি (৪) দল বা দলের প্রতিনিধিত্বকারী কোন সামাজিক মাধ্যম বা এজেন্সি ইত্যাদি।<br><br>সুপারিশ: কার ক্ষেত্রে কোন আইন এবং কোন ধরণের সাজা প্রয়োগযোগ্য হবে (যেমন, গণপ্রতিনিধিত্ব আদেশের অধ্যায় ৬: অপরাধ, দন্ড ও বিচার; রাজনৈতিক দল এবং প্রার্থীর আচরণ বিধিমালা ২০২৫) তা নির্ধারণ ও সুনির্দিষ্ট করতে হবে। এক্ষেত্রে, দল এবং প্রার্থী উভয়ের বিরুদ্ধে সাজার বিষয় স্পষ্ট করতে হবে এবং আইনে উল্লেখিত শাস্তির কঠোর প্রয়োগ নিশ্চিত করতে হবে। |

| ক্রম | নির্বাচন কমিশন প্রস্তাবিত সংশোধনী | টিআইবি'র পর্যালোচনা ও সুপারিশ |
|---|---|---|
| | **P.O No 155 of 1972 এর Article 81 (2)** উপধারাটির সংশোধন<br><br>(2) A Returning Officer, Assistant Returning Officer, Presiding Officer, Assistant Presiding Officer or any other officer or clerk on duty in connection with the election, who is guilty of an offence under clause (1), shall be punishable with [rigorous imprisonment for a term which may extend to ten years and shall not be less than three years, and also with fine]. | **পর্যালোচনা:** **Article 81 (1)** উপ ধারার উল্লেখিত ব্যক্তিবর্গের বাইরেও নির্বাচন আয়োজনের সাথে জড়িত সরকারি কর্মচারীরা নির্বাচন বিষয়ক বিবিধ আইন ভঙ্গের (প্রচার প্রচারণায় অংশগ্রহণ, রাজনৈতিক বক্তব্য প্রদান, নির্দিষ্ট দলের হয়ে কার্যক্রম পরিচালনা, পক্ষপাতমূলক কার্যক্রম ইত্যাদি) সাথে জড়িত থাকেন যা **Article 81 (1)** উপ ধারায় উল্লেখ নেই।<br><br>**সুপারিশ:**<br>- নির্বাচনকালীন সময়ে সরকারি কর্মকর্তা-কর্মচারী, মন্ত্রী, উপদেষ্টা, সংসদ সদস্য এবং নির্বাচন-সংশ্লিষ্ট আংশীজনদের নির্বাচন-কেন্দ্রিক আচরণ বিধি সুস্পষ্ট করতে হবে।<br>- নির্বাচনকালীন সময় সরকারি কর্মচারীদের প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যেকোনো দলীয় রাজনৈতিক কর্মকাণ্ডে অংশগ্রহণ নিষিদ্ধ এবং এ আইন আমান্য করলে চাকরি থেকে বরখাস্তসহ সাজার ব্যবস্থা আইনে যুক্ত করতে হবে এবং তার কঠোর প্রয়োগ নিশ্চিত করতে হবে। |
| (৪০) | **P.O No 155 of 1972 এর Article 90B এর সংশোধন** ।- উক্ত আদেশ এর বিদ্যমান Article 90B এর Clause (2) এর পর নূতন clause (3) নিম্নরূপে সন্নিবেশিত হইবে, যথা-<br><br>**90B. (3) Application for registration of a political party with the Commission shall be made in the prescribed form and in the prescribed manner. The Commission shall verify the terms and conditions referred to in clause (1)(a)(iii) of Article 90B through field investigation in the manner prescribed by the Commission.** | **পর্যালোচনা:** বিগত কমিশনের কার্যক্রমে, বিশেষকরে, নতুন রাজনৈতিক দলের নিবন্ধন কার্যক্রমে কমিশনের নিরপেক্ষতা, স্বচ্ছতা ও জাবাবদিহির ঘাটতি পরিলক্ষিত হয়।<br><br>বিশেষকরে, নির্বাচন কমিশন কর্তৃক মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ প্রক্রিয়া সুস্পষ্ট নয়।<br><br>**সুপারিশ:**<br>- কমিশন কর্তৃক মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ প্রক্রিয়া সুস্পষ্ট করে আলাদা নির্দেশিকা প্রকাশ করতে হবে।<br>- রাজনৈতিক দল প্রদত্ত তথ্য মাঠ পর্যায়ে যাচাই-বাছাই বা তদন্ত প্রক্রিয়া সুনির্দিষ্টভাবে রাজনৈতিক দল নিবন্ধন বিধিমালা, ২০০৮-এ সন্নিবেশিত করতে হবে। |
| (৪১) | **P.O No 155 of 1972 এর Article 90E এর সংশোধন ।**- উক্ত আদেশ এর বিদ্যমান Article 90E এর Clause (2) এ উল্লিখিত "Seven" শব্দটি স্থলে "fifteen" শব্দটি নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে, যথা:-<br><br>90E. (2) If the application for registration of a political party is cancelled, the Commission shall, within **fifteen** working days, inform the concerned party of it in writing. | **পর্যালোচনা:** বর্তমানে নির্বাচন কমিশন নতুন রাজনৈতিক দল হিসেবে নিবন্ধনের জন্য দাখিলকৃত আবেদন না-মঞ্জুরকৃত দলের তালিকা প্রকাশ করলেও না-মঞ্জুরের কারণ উল্লেখ করেনা যা স্বচ্ছতা ও জবাবদিহিতা এবং সকল অংশীজনের কাছে বিশ্বাসযোগ্যতা নিশ্চিতে একটি অন্যতম চ্যালেঞ্জ।<br>**সুপারিশ:** দলগুলোকে নিবন্ধন প্রদান না করার ক্ষেত্রে তার কারণসহ একটি প্রতিবেদন সকলের অবগতির জন্য প্রকাশ করার বিধান গণপ্রতিনিধিত্ব আদেশে যুক্ত করতে হবে, এবং প্রতিবেদনটি কমিশনের ওয়েবসাইটে একটি |

| ক্রম | নির্বাচন কমিশন প্রস্তাবিত সংশোধনী | টিআইবি'র পর্যালোচনা ও সুপারিশ |
|---|---|---|
| | | নির্দিষ্ট সময়ের মধ্যে বাধ্যতামূলকভাবে প্রকাশ করতে হবে। |
| (৪২) | **P.O No 155 of 1972 এর Article 90F এর সংশোধন ।-** উক্ত আদেশ এর বিদ্যমান Article 90F এর Clause (1) এর Sub Clause (a) নিম্নরূপে প্রতিস্হাপিত হইবে, যথা:-<br><br>90F. (1) Subject to the provision of clause (2), a registered political party shall be entitled to-<br><br>**(a) receive donation or grants or assets or service from any person, company, group of companies or non-government organization except the sources mentioned in clause (1) of Article 44CC:**<br><br>**Provided that such amount of donation or grants or assets or service shall not exceed the following limits, in a calendar year-**<br><br>**in the case of a person or a company or an organization, taka fifty lacs or property or service equivalent to it;**<br><br>**Provided further that the donation or grants or assets or service as mentioned herein before which values taka fifty thousand or above shall be received through banking channels and shown in the tax return of the person making the donation or grants or assets or service provided.** | **পর্যালোচনা:** এমন অনুদান রাজনৈতিক দলের বিভিন্ন কমিটিতে পদ বাণিজ্যকে উৎসাহিত করে। এক্ষেত্রে অনুদান গ্রহণের পদ্ধতিটি আইনানুগভাবে নথিবদ্ধ হওয়ার বাধ্যবাধকতা তৈরি করতে হবে।<br>**সুপারিশ:**<br>- ব্যক্তি ও প্রতিষ্ঠানের অনুদানের সর্বোচ্চ সীমা ভিন্ন হতে হবে। এক্ষেত্রে ব্যক্তি পর্যায়ের অনুদান ১০ লাখের বেশি হবে না।<br>- একই ব্যক্তি বা প্রতিষ্ঠানবাযদি একই পঞ্জিকা বছরে একাধিকবার পঞ্চাশ হাজার টাকা করে অনুদান প্রদান করে প্রতিটি লেনদেন ব্যাংকের মাধ্যমে করার বিধান যুক্ত করতে হবে।<br>- ব্যক্তির পাশাপাশি প্রতিষ্ঠানের অনুদান উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের আয়কর রিটার্নে প্রদর্শনের বিধান যুক্ত করতে হবে। |
| (৪৩) | **P.O No 155 of 1972 এর নূতন Article 90HH এর সন্নিবেশন ।-** উক্ত আদেশ এর Article 90H এর পর নিম্নরূপ নূতন Article 90HH সন্নিবেশিত হইবে, যথা:-<br>**90HH. (1) The Election Commission may suspend the registration of any registered political party, and withhold the symbol reserved for it, until it is revoked, if-**<br>**(a) the political activities of any such party are suspended by the Government;**<br>**(b) proceedings for cancellation of registration are ongoing in accordance with sub-clauses (c), (d), (e), or (f) of Article 90J (1).** | **পর্যালোচনা:** নির্বাচন কমিশন একটি সাংবিধানিক প্রতিষ্ঠান। রাজনৈতিক দলকে নিবন্ধন প্রদান ও বাতিল করার ক্ষমতা কমিশনের থাকলেও আপাত দৃষ্টিতে বাতিলের বিষয়টি, বিশেষকরে, কমিশন কোনো ভূমিকা গ্রহণ করছেনা বলে প্রতীয়মান হয়।<br>অন্যদিকে, সরকার কর্তৃক রাজনৈতিক দলের কার্যক্রম নিষিদ্ধ/স্থগিতের উদাহরণ ভবিষ্যতে ক্ষমতাসীন দল কর্তৃক প্রতিপক্ষ রাজনৈতিক দলকে দমনের হাতিয়ার বা সংস্কৃতি হয়ে উঠতে পারে। এক্ষেত্রে নির্বাচন কমিশনের ক্ষমতা সংকোচিত হয়।<br>**সুপারিশ:**<br>- কমিশনকে তার নিজের এখতিয়ার, বিধি-বিধান ও প্রক্রিয়া অনুযায়ী রাজনৈতিক দলের নিবন্ধন প্রদান ও বাতিলের ক্ষমতা প্রদান করতে হবে। |

| ক্রম | নির্বাচন কমিশন প্রস্তাবিত সংশোধনী | টিআইবি'র পর্যালোচনা ও সুপারিশ |
|---|---|---|
| | **(2) Where the registration of a political party is suspended under sub-clauses (1), such suspension and withholding of its symbol, shall be published in the official Gazette.**<br>**(3) If any similar proceedings have already been undertaken, it shall be deemed to have been done under the said clause of the said Order as if the provision of that clause were in force before such action was taken.** | - সরকার কর্তৃক কোনো দলের কার্যক্রম নিষিদ্ধ/স্থগিতের স্থলে আদালতের সহায়তায় নির্বাচন কমিশন কর্তৃক স্থগিত/বাতিলের বিষয়টি অধিক গ্রহণযোগ্য।<br>- নিবন্ধন প্রদান ও বাতিলের এখতিয়ার প্রয়োগের জন্য নির্বাচন কমিশন সুনির্দিষ্ট নীতিমালা ও মানদন্ড নির্ধারণ করতে হবে এবং তদানুযায়ী আইনী বিধান সংযুক্ত করতে হবে। |
| (৪৫) | **P.O No 155 of 1972 এর Article** 91B **এর** Clause (2) **এর** পর নিম্নরূপ **নূতন** Clause (3) **ও** (4( সন্নিবে**শন।**- উক্ত **আদেশ এর** Article 91B **এর** Clause (2) **এর** পর নিম্নরূপ **নূতন** Clause (3) **ও** (4( সন্নিবেশিত হইবে, যথা:-<br>91B. (1) The Commission may, for the purpose of ensuring free and fair election, formulate a Code of Conduct not inconsistent with the Provisions of this Order.<br>(2) Violation of any provision of the Code of Conduct shall be deemed to be pre-poll irregularity within the meaning of Article 91A.<br><br>**(3)(a) Whoever contravenes any provision of the Code of Conduct formulated under clause (1) shall be punished with imprisonment of either description for a term which may extend to six months or with fine which may extend to taka one lac and fifty thousands or with both.**<br>**(b) If any registered political party violates any provision of the said Rules during the pre-election period, it shall be punished with a fine not exceeding one lac taka.**<br><br>**(4) Notwithstanding anything contained in the Mobile Court Act, 2009 (Act 59 of 2009) or in any other law for the time being in force, the offence under clause (3) will be triable by Judicial Magistrate, Executive Magistrate or any other person who is empowered by the Commission in exercise of its power conferred upon it under Article 89A.** | **পর্যালোচনা:** P.O No 155 of 1972 **এর** Article 91B এর উপধারা (3) (b)-এর ক্ষেত্রে pre-election period (নির্বাচন-পূর্ব সময়) বলতে কোন সময় বোঝানো হয়েছে তা স্পষ্ট নয়।<br><br>**সুপারিশ:** pre-election period (নির্বাচন-পূর্ব সময়) বলতে কোন সময় বোঝানো হয়েছে তা স্পষ্ট করতে হবে। নির্বাচনী তফসিল ঘোষনা-পূর্ব তিন মাস সময়কে এর আওতাভূক্ত করতে হবে। |

## অন্যান্য

| ক্রম | বিধিমালা | পর্যালোচনা ও সুপারিশ |
|---|---|---|
| ১ | **P.O No. 155 of 1972 এর Article 4 এর সংশোধন** প্রয়োজন<br>(4) The Commission may authorise [the Chief Election Commissioner or any of the Election Commissioners] or any of its officers to exercise and perform all or any of its powers and functions under this Order. | **পর্যালোচনা:** ৪ নম্বর ধারায় perform all or any of its powers and functions under this Order উল্লেখ করা হলেও নির্বাচন কমিশনের ক্ষমতা, দায়িত্বসমূহ এবং এখতিয়ার (যেমন: আইন-শৃঙ্খলা রক্ষাকারী সংস্থা ও প্রশাসনের নিয়ন্ত্রণ, সংলাপ আয়োজন, রাজনৈতিক সঙ্কট সমাধান, নির্বাচনী আইন প্রয়োগের সময়কাল, নির্বাচনের অনুকূল পরিবেশ এবং সকল দলের প্রতিযোগিতার সমান ক্ষেত্র তৈরি, ইত্যাদি) স্পষ্ট করা হয়নি।<br>অন্যদিকে, সংবিধানে ১২৬ অনুচ্ছেদে নির্বাহী বিভাগগুলোকে নির্বাচন কমিশনকে নির্বাচন আয়োজনে সহায়তা প্রদানের কথা বলা হয়েছে।<br><br>**সুপারিশ:**<br>নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত করতে হবে:<br>- তফসিল ঘোষণার পূর্বে তিন মাস এবং নির্বাচন-পরবর্তী তিন মাস সময় রাজনৈতিক দল এবং প্রার্থীদের নির্বাচনী আচরণবিধি প্রতিপালনের বাধ্যবাধকতা আরোপ করতে হবে।<br>- এই ছয়মাস সময়ে নির্বাচন কমিশনের কার্যক্রম, দায়িত্ব এবং এখতিয়ার (আইন-শৃঙ্খলা রক্ষাকারী সংস্থা ও প্রশাসনের নিয়ন্ত্রণে, সংলাপ আয়োজনে, রাজনৈতিক সঙ্কট সমাধানে, নির্বাচনের অনুকূল পরিবেশ এবং সকল দলের প্রতিযোগিতার সমান ক্ষেত্র তৈরিতে) সুনির্দিষ্ট করতে হবে।<br>- তফসিল ঘোষণা থেকে নতুন সরকার গঠন পর্যন্ত সময়ে নির্বাচন কমিশন কর্তৃক আইন-শৃঙ্খলা ও প্রশাসনিক পরিবেশ পরিবীক্ষণ করতে হবে এবং সকল দলের প্রার্থী ও কর্মীদের নিরাপত্তা সমানভাবে নিশ্চিত করতে হবে।<br>- এই সময় কোনো সম্ভাব্য প্রার্থী, রাজনৈতিক দল এবং নির্বাচন আয়োজনের সাথে জড়িত সরকারি কর্মচারী কর্তৃক নির্বাচনী আইন অমান্য করলে আর্থিক জরিমানা ও জেল এবং সরকারি চাকুরি বিধি অমান্য করার জন্য সরকারি কর্মচারীদের চাকুরি থেকে বরখাস্তসহ উল্লেখযোগ্য শাস্তির বিধান এই আইনে যুক্ত করতে হবে এবং কমিশন কর্তৃক এই আইনের প্রয়োগ নিশ্চিত করতে হবে। |
| ২ | **P.O No. 155 of 1972 এর Article 12 এর উপধারা (m) এবং (n) এর সংশোধন।**<br>(m) is a director of a company or a partner of a firm [which] has defaulted in repaying before [***] the day of submission of nomination paper any loan or any instalment thereof taken by [the concerned company or firm] from a bank;<br><br>(n) personally has failed to pay the telephone, gas, electricity, water or any other bill of any service providing | **পর্যালোচনা:** আগে ঋণখেলাপি ও বিলখেলাপিদের নির্বাচনে অংশগ্রহণের জন্য মনোনয়ন পত্র জমা দেওয়ার সাত দিন আগে খেলাপি ঋণ ও বিল শোধ করতে হতো যা এই ধারা দুটিতে এক দিন আগে করার সুযোগ রাখা হয়েছে। এর ফলে বস্তুত ঋণখেলাপি ও বিলখেলাপিদের শর্তসমূহ শিথিল করে তাদের নির্বাচনে অংশগ্রহণের সুযোগ বৃদ্ধি করা হয়েছে।<br>**সুপারিশ:**<br>- ঋণখেলাপি ও বিলখেলাপিদের নির্বাচনে অংশগ্রহণের জন্য মনোনয়ন পত্র জমা দেওয়ার ৭ দিন আগে খেলাপি ঋণ ও বিল শোধ করার বিধান যুক্ত করতে হবে। |

| ক্রম | বিধিমালা | পর্যালোচনা ও সুপারিশ |
|---|---|---|
| | organization of the Government before [***] the day of submission of nomination paper; | - ঋণখেলাপি প্রার্থীদের ভোটে দাঁড়ানোর জন্য দশ থেকে ত্রিশ শতাংশ নগদ অর্থ জমা দিয়ে খেলাপি ঋণ পুনঃতফসিল করার শর্ত শিথিল করা সংক্রান্ত সংশোধনী বাতিল করতে হবে। |
| ৩ | **P.O No 155 of 1972 এর Article 81 (1) (cc)** উপধারাটির সংশোধন<br><br>(cc) without due authority and reasonable excuse destroy or interfere with any device, accessories or software programme that is used, or intended to be used, for or in connection with EVM.] | **পর্যালোচনা:** এটি ইভিএম বিষয়ক উপধারা যা গণপ্রতিনিধিত্ব আদেশ থেকে বাদ দেওয়া হয়েছে। কিন্তু 81 (1) (cc) উপধারাটি, বিশেষ করে EVM শব্দটি এখানে থেকে গেছে।<br>**সুপারিশ:** **P.O No 155 of 1972 এর Article 81 (1) (cc)** উপধারাটি বিলোপ হবে। |

****